আমেনা-বাকী রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ

(এ বি ফাউন্ডেশনের একটি প্রতিষ্ঠান)

চিরিরবন্দর, দিনাজপুর

দশম সপ্তাহ

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৮ম **বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২	দ্বিতীয় অধ্যায়: বাংলাদেশের মুক্তিযুদ্ধ	পাঠ- ১ সশস্ত্রমুক্তিযুদ্ধের পটভূমি পাঠ- ২ ৭ই মার্চের ভাষণ ও বাঙ্গালীর স্বাধীনতার প্রস্তুতি পাঠ- ৩ ২৫শে মার্চের নারকীয় হত্যাযজ্ঞ পাঠ- ৪ ছাব্বিশে মার্চ ও বঙ্গবন্ধুর স্বাধীনতা ঘোষণা পাঠ-৫ মুক্তিযুদ্ধের প্রস্তুতি ও অস্থায়ী সরকার গঠন পাঠ- ৬ মুক্তিবাহিনী গঠন ও কার্যক্রম পাঠ- ৭ মুক্তিযুদ্ধে বিরোধী শক্তির তৎপরতা পাঠ- ৮ মুক্তিযুদ্ধে দেশি ও বিদেশি শক্তির সহযোগিতা পাঠ- ৯ যৌথবাহিনীর নেতৃত্বে চূড়ান্ত যুদ্ধ পাঠ- ১০ গণহত্যা ও নির্যাতন পাঠ- ১১ পাকিস্তানি বাহিনীর আত্মসমর্পন উল্লিখিত সকল পাঠ	মনে কর, ১৯৭১ সালে তুমি ৮ম শ্রেণির শিক্ষার্থী। নিচের ঘটনার ক্ষেত্রে তুমি উপস্থিত থাকলে ঐ সময় কী করতে তার বর্ণনা দাও। (যে কোনো তিনটি ঘটনার ক্ষেত্রে নিজের অনুভূতি লিখতে হবে) ক) রেসকোর্স ময়দানে ৭ই মার্চের ভাষণ শুনছ খ) ২৫শে মার্চ গণহত্যার প্রত্যক্ষদর্শী গ) পাকিস্তান হানাদার ও তাদের দোসর রাজাকার, আলবদর, আল-শামস এলাকাবাসীকে নির্যাতন করছে ঘ) মুক্তিবাহিনীকে হানাদাররা তাড়া করছে ঙ) ১৬ ই ডিসেম্বর পাকিস্তানী বাহিনী আত্মসমর্পন দলিলে স্বাক্ষর করছে	১। পাঠ্যপুস্তক থেকে ৭ই মার্চের ভাষণের গুরুত্ব ও প্রতিক্রিয়া, ২৫শে মার্চের গণহত্যার ভয়াবহতা, মুক্তিযুদ্ধে বিরোধীদের তৎপরতা, মুক্তিযুদ্ধকালীন পাকিস্তানি বাহিনীর গণহত্যা ও অত্যাচারএবং পাকিস্তানি বাহিনীর আত্মসমর্পণের ঘটনা ভালোভাবে পড়ে নিতে হবে। ২। বাংলা ১ম পত্র বই থেকে ৭ই মার্চের ভাষণটি মনোযোগ সহকারে পড়ে নেয়া যেতে পারে। ৩। ইউটিউব/রেকর্ড থেকে ৭ই মার্চের ভাষণ শুনে নেয়া যেতে পারে (যদি সম্ভব হয়)। ৪। ইন্টারনেট, পত্র-পত্রিকা,পরিবারের বয়স্ক সদস্যদের সাথে আলাপচারিতা ইত্যাদির মাধ্যমে মুক্তিযুদ্ধকালীন সেই সময়ের ঘটনার বিষয়ে জেনে নেয়া যেতে পারে। ৫। নিজেকে উক্ত সময়ের মধ্যে রেখে ঘটনাটি কল্পনা করে লিখতে হবে।	**অতি উত্তম:** ১) পরিপূর্ণমাত্রায় বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা রক্ষা ২) পরিপূর্ণমাত্রায় দেশপ্রেমের চেতনা ও আত্মত্যাগ মানসিকতার বহিঃপ্রকাশ ৩) উপস্থাপনায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা ৪) লক্ষনীয় মাত্রায় নান্দনিক ও বৈচিত্যপূর্ণ উপস্থাপন **উত্তম:** ১) অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা রক্ষা ২) দেশপ্রেম চেতনার বহিঃপ্রকাশ থাকলেও আত্মত্যাগ মানসিকতার আংশিক উপস্থিতি ৩) উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা ৪) নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন **ভালো:** ১) বিষয়বস্তুর যথার্থতা থাকলেও ধারাবাহিকতার অভাব ২) দেশপ্রেমের চেতনা ও আত্মত্যাগ মানসিকতার সাধারণ বহিঃপ্রকাশ ৩) উপস্থাপনায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা ৪) আংশিক নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন **অগ্রগতি প্রয়োজন:** ১) বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার অভাব ২) দেশপ্রেমের চেতনা ও আত্মত্যাগ মানসিকতার অনুপস্থিতি ৩) উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব ৪) নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপনার অভাব

শিক্ষকঃ মোঃ রফিক উর রহমান মন্ডল

মোবাইলঃ ০১৭১২৪০৬০৯৪

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৮ম **বিষয়: শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য**

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১	প্রথম অধ্যায়: শরীর চর্চা ও সুস্থ জীবন	• বিশ্রাম, ঘুম ও বিনোদনের প্রয়োজনীয়তা • বয়স ও শারীরিক গঠন অনুসারে বিশ্রাম ও ঘুমের চাহিদা • শারীরিক সুস্থতায় ব্যায়ামের প্রভাব • সরঞ্জামবিহীন ব্যায়াম : ○ স্পিড এক্সারসাইজ ○ এবডুমিনাল এক্সারসাইজ • সরঞ্জামসহ ব্যায়াম ○ ক্লাইমবিং রোপ ○ রোমানরিং • এডুকেশনাল জিমন্যাসট্রিক্স ○ হেডস্প্রিং ○ নেকস্প্রিং ○ হ্যান্ডস্প্রিং ○ লেগস্প্রিং ○ হ্যান্ড স্ট্যাণ্ড ○ হেড স্ট্যান্ড • অনুশীলন (১) • মূল্যায়ন (১)	'সুস্থ দেহে সুন্দরমন'- এই প্রবাদটির আলোকে তোমার শারীরিক ও মানসিক সুস্থতার দৈনিক কার্যক্রমের একটি ধারাবাহিক তালিকা তৈরি কর। (সকালে ঘুম থেকে উঠে রাতে ঘুমানোর আগ পর্যন্ত)	১. ক্যালেন্ডারের উল্টা পৃষ্ঠা বা খাতার সাদা পৃষ্ঠা জোড়া লাগিয়ে পয়েন্ট আকারে তালিকা তৈরি করা যেতে পারে। ২. পরিবারের অন্যান্য সদস্যদের সহযোগিতা নেওয়া যেতে পারে। ৩. পাঠ্যপুস্তকের সাহায্য নিয়ে তালিকা তৈরি করা যেতে পারে।	**অতি উত্তম:** ১. বিষয়বস্তুর উপস্থাপনা সঠিক, পূর্ণাঙ্গ ও ধারাবাহিকতা রয়েছে। ২. লেখায় সর্বোচ্চমাত্রায় নিজস্বতা ও ওসৃজনশীলতা বিদ্যমান। ৩. বাক্য গঠন ও বানানের সঠিক প্রয়োগ। **উত্তম:** ১. অধিকাংশক্ষেত্রে বিষয়বস্তুর ধারাবাহিক উপস্থাপনা। ২. কোথাও কোথাও বাক্য গঠনে অসঙ্গতি। ৩.বানানের সঠিক প্রয়োগ। **ভালো:** ১. বিষয়বস্তুর তালিকা সঠিক থাকলে ও ধারাবাহিকতার অভাব। ২. নিজস্বতা ও সৃজনশীলতার অভাব। ৩. বাক্য গঠন ও বানান আংশিক অসঙ্গতিপূর্ণ। **অগ্রগতির প্রয়োজন:** ১. বিষয়বস্তুর তালিকা পূর্ণাঙ্গ নয়, ধারাবাহিকতার অভাব। ২. নিজস্বতা ও সৃজনশীলতার অভাব। ৩. বাক্য গঠন ও শুদ্ধ বানানের অভাব।

বিষয় শিক্ষকঃ মোঃ শহিদুল ইসলাম

মোবাইলঃ ০১৭১৯৪৬৪০৫১